দৈনিক
আমাদের সময়

তারিখ 11 JUN 2016
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

# শাবিতে ৩৭ দিন ছুটি আবাসিক হল বন্ধ

শাবি প্রতিনিধি ●
দীর্ঘ ৩৭ দিনের ছুটি পাচ্ছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গ্রীষ্মকাল ও পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে এ ছুটি আনুষ্ঠানিকভাবে আগামী ১২ জুন থেকে শুরু হয়ে চলবে ১৪ জুলাই পর্যন্ত।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের কর্মকর্তা শাহাদাত হোসেন শিশির জানান, গ্রীষ্মকাল ও পবিত্র ঈদুল ফিতরের ছুটি আগামী ১২ জুন থেকে শুরু হয়ে ১৪ জুলাই পর্যন্ত চলবে। তবে আগে ও পরে মোট চারদিন সাপ্তাহিক ছুটি থাকায় এ বছর মোট ৩৭ দিনের ছুটি কাটাবেন শিক্ষার্থীরা। ১৭ জুলাই রোববার থেকে ক্লাস শুরু হবে।

এদিকে ছুটি উপলক্ষে আবাসিক হল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের প্রায় সবকটি আবাসিক হলে বন্ধের নোটিশ দেওয়া হয়েছে।

জানতে চাইলে শাহপরাণ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মুহসিন আজিজ খান জানান, একাডেমিক কাজে যে সব ছাত্র হলে থাকতে ইচ্ছুক তারা হল প্রভোস্টের অনুমতি নিয়ে দৈনন্দিন খাওয়াসহ নিজস্ব ব্যবস্থাপনায় থাকতে হবে।